মডেল প্রশ্ন-০৭

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়

পূর্ণমান : ১০০

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১×৪০=৪০

১। কোনটি শহিদ বুদ্ধিজীবী দিবস?
ক. ৭ মার্চ খ. ২৬ মার্চ গ. ১৭ এপ্রিল ঘ. ১৪ ডিসেম্বর

২। কত সালে গণঅভ্যুত্থান হয়?
ক. ১৯৫২ সালে খ. ১৯৬১ সালে গ. ১৯৬৯ সালে ঘ. ১৯৭২ সালে

৩। মুক্তিবাহিনী গঠন করা হয় কেন?
ক. মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য
খ. দেশ রক্ষার দায়িত্ব পালনের জন্য
গ. শান্তিশৃঙ্খলা বজায় রাখার জন্য
ঘ. নিরাপত্তা নিশ্চিত করার জন্য

৪। 'ক' দেশের অগণিত মানুষ সরকার গঠনের পর দেশকে মুক্ত করার জন্য সশস্ত্র সংগ্রামে ঝাঁপিয়ে পড়ে। উদ্দীপকের সাথে সাদৃশ্য রয়েছে–
ক. ভারত খ. পাকিস্তান গ. বাংলাদেশ ঘ. নেপাল

৫। বাংলার শেষ স্বাধীন নবাব কে ছিলেন?
ক. আলিবর্দী খাঁ খ. ঘসেটি বেগম গ. মীর জাফর ঘ. সিরাজউদ্দৌলা

৬। পলাশীর যুদ্ধে সিরাজউদ্দৌলা পরাজিত হন কেন?
ক. মীর জাফরের বিশ্বাসঘাতকতার কারণে
খ. ঘষেটি বেগমের বিশ্বাসঘাতকতার কারণে
গ. রায় দুর্লভের বিশ্বাসঘাতকতার কারণে
ঘ. জগৎ শেঠের বিশ্বাসঘাতকতার কারণে

৭। জিনিয়া তার পাঠ্যবই থেকে জানতে পারে ইংরেজ শাসনের প্রধান উদ্দেশ্য সম্পর্কে। এই বিষয়টি নিচের কোনটিকে সমর্থন করছে?
ক. বাণিজ্য করা খ. শোষণ ও নিজেদের স্বার্থ
গ. শিল্প স্থাপন ঘ. দেশবাসীর উন্নয়ন

৮। বরেন্দ্র যাদুঘর কোথায় অবস্থিত?
ক. সিলেট খ. ঢাকা গ. রাজশাহী ঘ. রংপুর

৯। প্রতিবছর অনেক দেশি-বিদেশি পর্যটক পাহাড়পুরে যান কেন?
ক. ভ্রমণে খ. খাওয়া-দাওয়া করতে গ. শিক্ষার জন্য ঘ. চাকরির জন্য

১০। ঐতিহাসিক নিদর্শনগুলো আমাদের কিসের পরিচয় বহন করে?
ক. সভ্যতা ও সংস্কৃতির খ. সভ্যতা গ. সংস্কৃতি ঘ. গৌরবের

১১। কত সালে ভাষা আন্দোলন হয়েছিল?
ক. ১৯৪৭ সালে খ. ১৯৪৯ সালে গ. ১৯৫২ সালে ঘ. ১৯৫৪ সালে

১২। মুক্তিযুদ্ধের সময় যশোর জেলা কত নং সেক্টরের অন্তর্গত ছিল?
ক. ৩নং খ. ৫নং গ. ৬নং ঘ. ৮নং

১৩। প্রতিবছর কত তারিখে বিজয় দিবস পালন করা হয়?
ক. ৭ মার্চ খ. ২৬ মার্চ গ. ২০ নভেম্বর ঘ. ১৬ ডিসেম্বর

১৪। কত বছর ইংরেজরা এদেশে রাজত্ব করে?
ক. ১২০ বছর খ. ১৫০ বছর গ. ১৮০ বছর ঘ. ২০০ বছর

১৫। কতসালে এদেশে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসন শুরু হয়?
ক. ১৭৫৭ সালে খ. ১৭৬৪ সালে গ. ১৭৯৩ সালে ঘ. ১৮৫৭ সালে

১৬। কত সালে সিপাহী বিদ্রোহ সংঘটিত হয়?
ক. ১৬৫৭ সালে খ. ১৭৫৭ সালে গ. ১৭৯৭ সালে ঘ. ১৮৫৭ সালে

১৭। মীর কাশিম কোন ধরনের ব্যক্তি ছিলেন?
ক. স্বাধীনতাপ্রিয় খ. ইংরেজদের অনুগত গ. সহজ-সরল ঘ. ধূর্ত প্রকৃতির

১৮। 'গোবিন্দ ভিটা' পুরাকীর্তিটি কোথায় অবস্থিত?
ক. ওয়ারী বটেশ্বর খ. পাহাড়পুর গ. মহাস্থানগড় ঘ. ময়নামতি

১৯। ওয়ারী বটেশ্বরে কোন যুগে একটি সভ্যতার যাত্রা শুরু হয়?
ক. সেন যুগে খ. পাল যুগে গ. মৌর্য যুগে ঘ. গুপ্ত যুগে

২০। লালবাগ দুর্গটি কিসের তৈরি?
ক. পাথর খ. লোহা গ. ইট ঘ. কাঠ

২১। বাংলাদেশে প্রতিবছর কত লক্ষ মেট্রিকটন ডাল উৎপন্ন হয়?
ক. ৭/৮ লক্ষ মেট্রিক টন খ. ৯/১০ লক্ষ মেট্রিক টন
গ. ১১/১২ লক্ষ মেট্রিক টন ঘ. ১২/১৩ লক্ষ মেট্রিক টন

২২। কোনটি মানুষের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর?
ক. চা খ. পাট গ. তামাক ঘ. গম

২৩। বাংলাদেশে কোনটির পরিমাণ বেশি?
ক. মূলধন খ. সম্পদ গ. জনসংখ্যা ঘ. শিক্ষার হার

২৪। বাংলাদেশে কোনটির অভাব রয়েছে?
ক. জনসংখ্যা খ. প্রাকৃতিক সম্পদ গ. মূলধন ঘ. স্বল্প মূল্যের শ্রমিক

২৫। 'আইলা' কী?
ক. ভূমিকম্প খ. খরা গ. বন্যা ঘ. ঘূর্ণিঝড়

২৬। কোনটি পানিবাহিত রোগ?
ক. ডায়রিয়া খ. বাতজ্বর গ. ক্যান্সার ঘ. এইডস

২৭। কোনটি প্রাকৃতিক দুর্যোগ নয়?
ক. বন্যা খ. খরা গ. হাম ঘ. সিডর

২৮। লক্ষ লক্ষ মানুষ গৃহহীন হয়ে পড়ে কেন?
ক. খরার কারণে খ. নদী ভাঙনের কারণে
গ. শিক্ষার অভাবে ঘ. দারিদ্র্যের কারণে

২৯। কোন সংস্থা মানবাধিকারকে স্বীকৃতি দিয়েছে?
ক. জাতিসংঘ খ. ইউনিসেফ গ. ইউনেস্কো ঘ. ওআইসি

৩০। পত্র পত্রিকায় আমরা কোন ধরনের ঘটনা দেখতে পাই?
ক. মানবাধিকার বিরোধী কাজ খ. শুধু সুন্দর খবর
গ. শুধু খেলার খবর ঘ. শুধু রাজনীতির খবর

৩১। কোনটি সমাজের সম্পদ?
ক. পাহাড় খ. সমুদ্র গ. বায়ু ঘ. গাছপালা

৩২। সমাজে অন্য সবার ক্ষেত্রে কোনটি করতে হবে?
ক. উপকার খ. অপকার গ. প্রতারণা ঘ. অবহেলা

৩৩। ওভার ব্রিজ ব্যবহার করতে হবে কেন?
ক. দুর্ঘটনা এড়াতে খ. ভাড়া বাঁচাতে
গ. সময় বাঁচাতে ঘ. ব্যায়াম করতে

৩৪। বিপাশা ও তার মা কোনটির সাথে ধাক্কা খায়?
ক. বাস খ. ট্রাক গ. রিক্সা ঘ. টেম্পো

৩৫। আমরা যারা একই শ্রেণিতে পড়ালেখা করি তারা সবাই–
ক. একই রকম খ. ছেলে গ. মেয়ে ঘ. একই রকম নই

৩৬। কোনটি করলে অটিজম সেরে যায়?
ক. ব্যায়াম খ. চিকিৎসা গ. এমনি সেরে যায় ঘ. কম কথা বললে

৩৭। অটিস্টিক শিশুরা খেলনা নিয়ে না খেলে কী করে?
ক. ভেঙে ফেলে খ. শক্ত করে ধরে বসে থাকে
গ. অন্যকে দিয়ে দেয় ঘ. লুকিয়ে রাখে

Teachingbd.com

http://teachingbd.com

৩৮। অটিজম কোন ধরনের সমস্যা?
ক. বংশগত খ. সামাজিক গ. জাতীয় ঘ. বিকাশগত

৩৯। কতজন মতামত দিলে সঠিক নাও হতে পারে?
ক. একজন খ. পাঁচজন গ. সাতজন ঘ. দশজন

৪০। গণতন্ত্র বলতে বোঝায়—
ক. জনগণের শাসন খ. জনগণের রায়
গ. সরকারের শাসন ঘ. নেতার শাসন

২। **শূন্যস্থানের প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লেখ :** ১×১০=১০

ক. বাংলাদেশ আমাদের প্রিয় ———।
খ. পাহাড়পুরের সবচেয়ে গুরুত্বপূর্ণ পুরাকীর্তিটি ——— নামে পরিচিত।
গ. ময়নামতিতে অনেকগুলো সোনা, রুপা ও তামার ——— পাওয়া গেছে।
ঘ. আহসান মঞ্জিল ঢাকার ——— প্রাসাদ ছিল।
ঙ. ওয়ারী ও ——— নরসিংদী জেলার পাশাপাশি দুটি গ্রাম।
চ. মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী ছিলেন ———।
ছ. মুক্তিবাহিনী গড়ে উঠেছিল সামরিক ও বেসামরিক ——— মিলিত অংশগ্রহণের মাধ্যমে।
জ. মুক্তিযুদ্ধের সময় প্রায় ——— লাখ মানুষ নিহত হয়।
ঝ. মুক্তিবাহিনী ও মিত্রবাহিনীর সমন্বয়ে ১৯৭১ সালের ২১ নভেম্বর একটি ——— বাহিনী গঠন করা হয়।
ঞ. আমরা প্রতিনিয়ত পশ্চিম পাকিস্তানিদের হাতে ——— শিকার হচ্ছিলাম।

৩। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১×১০=১০

ক. মুজিবনগর সরকার কখন ও কোথায় গঠিত হয়েছিল? এ সরকারে কারা ছিলেন?
খ. মুক্তিযুদ্ধের সময় যৌথ বাহিনীর নেতৃত্ব দেন কে?
গ. সোমপুর মহাবিহারে কী কী নিদর্শন পাওয়া গেছে?
ঘ. বাংলাদেশের প্রধান প্রধান কৃষিজাত দ্রব্যের নাম লিখ।
ঙ. মানুষের মৌলিক চাহিদাগুলো কী?
চ. আবহাওয়া ও জলবায়ু কাকে বলে?
ছ. মানবাধিকারের প্রয়োজনীয়তা লিখ।
জ. রাষ্ট্রের নাগরিকদের নিয়মিত কর দেওয়া উচিত কেন?
ঝ. কোন শিশুদের অটিস্টিক শিশু বলে?
ঞ. গণতান্ত্রিক মনোভাব কাকে বলে?

৪। **ক ও খ, গ ও ঘ নং প্রশ্নসহ যে কোনো ৮টি প্রশ্নের উত্তর দাও :** ৫×৮=৪০

ক. নির্যাতন-তাণ্ডব চালিয়েও পাকিস্তানি হানাদার বাহিনীর শেষ রক্ষা হয়নি।— এ সম্পর্কে লেখ।
খ. মুক্তিযুদ্ধে প্রতিবেশী দেশ ভারতের ভূমিকা সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।
গ. ১৭৭০ সালে বাংলায় ভয়াবহ দুর্ভিক্ষ হওয়ার কারণ সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।
ঘ. ভারতবর্ষ স্বাধীন হওয়ার ঘটনাটি বর্ণনা কর।
ঙ. তোমার শ্রেণির অটিস্টিক বন্ধুদের তুমি কীভাবে সহযোগিতা করতে পার?
চ. আমাদের মুক্তিযুদ্ধে মুজিবনগর সরকারের গুরুত্ব বর্ণনা কর।
ছ. মহাস্থানগড়ের কয়েকটি ঐতিহাসিক নিদর্শনের বর্ণনা দাও।
জ. বাংলাদেশে পোশাক শিল্পের গুরুত্ব বর্ণনা কর।
ঝ. নারী ও শিশু পাচার বন্ধ হওয়া প্রয়োজন কেন?
ঞ. জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদ সদস্য দেশগুলোর উন্নয়নে কী কাজ করে?

উত্তরমালা

১.

১	ঘ	২	গ	৩	ক	৪	গ	৫	ঘ	৬	ক	৭	খ	৮	গ
৯	ক	১০	ক	১১	গ	১২	ঘ	১৩	ঘ	১৪	ঘ	১৫	ক	১৬	ঘ
১৭	ক	১৮	গ	১৯	গ	২০	গ	২১	ক	২২	গ	২৩	গ	২৪	গ
২৫	ঘ	২৬	ক	২৭	গ	২৮	খ	২৯	ক	৩০	ক	৩১	ঘ	৩২	ক
৩৩	ক	৩৪	ক	৩৫	ঘ	৩৬	খ	৩৭	খ	৩৮	ঘ	৩৯	ক	৪০	ক

২. (ক) মাতৃভূমি; (খ) সোমপুর মহাবিহার; (গ) মুদ্রা; (ঘ) নবাবদের; (ঙ) বটেশ্বর; (চ) তাজউদ্দিন আহমদ; (ছ) জনগণের; (জ) ত্রিশ; (ঝ) যৌথ; (ঞ) বৈষম্যের;

৩. ক. অধ্যায় এক অনুশীলনীর ৪ নং প্রশ্নের (ক) উত্তর দেখ।
খ. অধ্যায় এক সংক্ষিপ্ত প্রশ্নের (৫০) উত্তর দেখ।

http://teachingbd.com